# অন্টারিও নির্বাচন ২০২৫

## প্রিমিয়ার ডাগ ফোর্ড আগাম নির্বাচনের ডাক দিয়েছেন। এবং ভোটের দিন নির্ধারিত হয়েছে আগামী ২৭শে ফেব্রুয়ারি, বৃহস্পতিবার।

বর্তমান জীবনযাত্রার ব্যয় সংকট অন্টারিওর সকলের জন্য একটি গুরুত্বপূর্ণ সমস্যা।তাই আমাদের প্রাদেশিক সংসদে এমন সদস্যদের নির্বাচিত করতে হবে যারা শ্রমজীবী মানুষের পক্ষে দাঁড়াবেন এবং তাদের জন্য লড়াই করবেন।

## আপনার প্রার্থীদের জিজ্ঞাসা করার জন্য এখানে ৬ টি প্রশ্ন রয়েছে:

### ১. আপনি কি ন্যূনতম মজুরি কমপক্ষে ২০ডলার/ঘন্টায় বৃদ্ধি সমর্থন করেন?

অন্টারিওতে ন্যূনতম মজুরি বর্তমানে ২০ ডলারই হতো যদি ফোর্ড সরকার ২০১৮ সালে নির্বাচিত হওয়ার পর প্রতি ঘন্টায় ন্যূনতম মজুরি ১৫ ডলার বৃদ্ধি বাতিল না করত এবং তারপর দুই বছরের জন্য ন্যূনতম মজুরি বৃদ্ধি স্থগিত না রাখত। বর্তমানে কর্মীদের ন্যূনতম মজুরির বেতন ঘণ্টায় মাত্র ১৭.২০ ডলার। আমরা অনেকেই সামান্য সুরক্ষা নিয়ে গিগ কাজ করে থাকি, যখন আমরা গিগ কাজে না থাকি তখন আমাদের স্বাধীন ঠিকাদার বলা হয় বা আমাদের অনিশ্চিত/দুর্বল ইমিগ্রেশন স্ট্যাটাস থাকে তখন আমরা আরও কম উপার্জন করি। বর্ণবাদী সম্প্রদায়, মহিলা বা প্রতিবন্ধী কর্মীরাই এই খণ্ডকালীন, স্বল্প মজুরি এবং অস্থিতিশীল কর্মসংস্থানে বেশি প্রতিনিধিত্ব করে।

এমনকি এখন যদি আমরা সবাই প্রতি ঘন্টায় ন্যূনতম মজুরি ২০ ডলার উপার্জন করি, তবুও এই উপার্জন টি বেঁচে থাকার জন্য যথেষ্ট নয়। জীবনকে সত্যিকার অর্থে উপভোগ্য করার জন্য, আমাদের সকলেরই বাসা ভাড়ার উপর শক্তিশালী নিয়ন্ত্রণ থাকা প্রয়োজন; গভীরভাবে সাশ্রয়ী মূল্যের পাবলিক হাউজিং বা গনআবাসন ; প্রতিদিন ১০ ডলারের মধ্যেই চাইল্ড কেয়ার; বিনামূল্যে বা কম খরচে নির্ভরযোগ্য পাবলিক ট্রানজিট বা গনপরিবহন ; এবং একটি শক্তিশালী সামাজিক প্রোগ্রাম যেখানে উন্নত স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং আরও অনেক কিছু অন্তর্ভুক্ত থাকবে।

জাস্টিস ফর ওয়ার্কার্স ( Justice 4 Worker) মুভমেন্ট বিশ্বাস করে যে, আমাদের সবার অবিলম্বে প্রতি ঘন্টা ন্যূনতম মজুরী কমপক্ষে ২০ ডলার প্রাপ্য, এবং সবাইকে দারিদ্র্যতা থেকে বের করে আনতে অতিরিক্ত মজুরী বৃদ্ধি প্রয়োজন।

### ২. আপনারা কি প্রকৃত ভাড়া নিয়ন্ত্রণ আইন করবেন এবং পাবলিক হাউজিংয়ে বিনিয়োগ করবেন?

গত ৪০ বছর ধরে অন্টারিওর প্রাদেশিক সরকার গুলি একের পর সরকারি আবাসনের অর্থায়ন কমিয়ে দিয়েছে এবং ভাড়া নিয়ন্ত্রণ আইনকে ও দুর্বল করেছে। সম্প্রতি, প্রিমিয়ার ফোর্ড ২০১৮ এর পরে নির্মিত যে কোনও বাড়ির জন্য ভাড়া নিয়ন্ত্রণ সরিয়ে দিয়েছে। ফলস্বরূপ, আমাদের কারও জন্য পর্যাপ্ত সাশ্রয়ী মূল্যের বাড়ি ব্যবস্থা নেই। আসুন ব্যাপারটা পরিষ্কার হওয়া যাক: তার মানে এই যে আপনার যদি টাকা থাকে তবে আপনার বাসস্থানের কোনো সংকট নেই।

কর্পোরেট বাড়িওয়ালা এবং ডেভেলপাররা ভাড়াটে এবং ছোট ব্যবসায়ীর কাছ থেকে আকাশছোঁয়া ভাড়া থেকে লাভবান হচ্ছেন । ডগ ফোর্ডের কনজারভেটিভরা আমাদের বিশ্বাস করাতে চায় যে, লাভজনক ডেভেলপারদের কাছে সরকারি জমি হস্তান্তর, নিরাপত্তা বিধিমালা অপসারণ এবং ভাড়া নিয়ন্ত্রণ বাতিল করলে আমাদের আবাসন সংকট সমাধানের জন্য "মুক্ত উদ্যোগ" চালু হবে।

**আরও জানুন: Justice4Workers.org**

# ২. অন্টারিও নির্বাচন ২০২৫

## পূর্ববর্তী প্রশ্নের পরবর্তী অংশ।

কিন্তু বাস্তবতা হলো, লাভজনক ডেভেলপাররাই সমস্যার কারণ, সমাধান নয়। কানাডার রিয়েল প্রপার্টি অ্যাসোসিয়েশনের সিইও মাইকেল ব্রুকস (যার সদস্যরা রিয়েল এস্টেটে ১ ট্রিলিয়ন কানাডিয়ান ডলারের প্রতিনিধিত্ব করে) খুব স্পষ্টভাবে বলেছিলেন: "আমাদেরকে গভীরভাবে সাশ্রয়ী মূল্যের বা সামাজিক আবাসন নির্মাণের দায়িত্ব দেওয়া হয়নি। আমরা সেখানে যেতেও পারি না। আমরা ব্যবসা করি। আসুন এই দুইয়ের মধ্যে এখন একটি সীমারেখা টানা যাক।"

সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের পরিবর্তে, ফোর্ড সরকার তাদের ডেভেলপার বন্ধুদেরকে,কেবলমাত্র যাদের অর্থ আছে তাদের জন্য আবাসন তৈরি করে বিপুল মুনাফা অর্জনের অনুমতি দিচ্ছে। আমাদের ক্ষোভ প্রশমিত করতে তারা অভিবাসী, শরণার্থী ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের দিকে আঙুল তুলছে এবং আবাসন সংকটের জন্য তাদেরকে দোষারোপ করার চেষ্টা করছে।

এই বিভাজনমূলক কৌশলের ফাঁদে আমরা পা না দিই। বরং সবার জন্য উচ্চমানের, সামাজিক আবাসন এবং শক্তিশালী ভাড়া নিয়ন্ত্রণ আইনের দাবিতে আসুন আমরা সবাই ঐক্যবদ্ধ হই।

## ৩. আপনি কি অবিলম্বে অন্টারিও ওয়ার্কস (OW) এবং ওডিএসপি বা অন্টারিও প্রতিবন্ধী সহায়তা প্রোগ্রাম (ODSP) এর জন্য মাসিক বরাদ্দ দ্বিগুণ করবেন?

২০২০ সালে কোভিড মহামারী চলাকালীন, কানাডার ইমার্জেন্সি রেসপন্স বেনিফিট (সিইআরবি) জনপ্রতি সপ্তাহে ৫০০ ডলার বা প্রতি মাসে প্রায় ২,০০০ ডলার আয়ের সহায়তা প্রদান করেছিল। গত বছর অন্টারিওতে একজন ব্যক্তির জন্য দারিদ্র্যসীমা হিসাব করা হয়েছিল প্রতি মাসে ২,৩০২ ডলার।

তবুও ২০২৫ সালে, অন্টারিও ওয়ার্কস-এ একজন ব্যক্তি সর্বাধিক মাসে ৭৩৩ ডলার পান এবং অন্টারিও ডিসেবিলিটি সাপোর্ট বেনেফিট - এ একজন ব্যক্তি সর্বাধিক মাসে ১,৩০৮ ডলার পান। ফলস্বরূপ, সামাজিক সহায়তাপ্রাপ্ত ব্যক্তিদের পর্যাপ্ত আয়ের নিরাপত্তা নেই যে তারা স্মার্টফোন বা ট্রানজিট পাসের মতো জিনিসপত্র কিনতে পারবেন যাতে তারা ভালো চাকরি খুঁজে পেতে পারেন, অথবা সুস্থ থাকার জন্য ভালো খাবার কিনতে পারবেন। তাহলে ভালো সাশ্রয়ী মূল্যের আবাসন খুঁজে পাওয়া প্রায় অসম্ভব।

মাসিক বরাদ্দগুলি এত কম কারণ কনজারভেটিভ সরকার ১৯৯০-এর দশকের মাঝামাঝি সময়ে ২১% হার কমিয়েছিল এবং এপর্যন্ত কোনও সরকার কখনও এই কাটগুলি পুনরুদ্ধার করেনি। প্রিমিয়ার ফোর্ডের অধীনে ২০১৮ থেকে ২০২৩ সালের মধ্যে মূল্যস্ফীতি বেড়েছে ১৮ শতাংশ। তবে অন্টারিও ডিসেবিলিটি সাপোর্ট বেনেফিট (ওডিএসপি) সুবিধাগুলি কেবল ১২% বৃদ্ধি পেয়েছিল কিন্তু অন্টারিও ওয়ার্কস (ওডাব্লু) কোনো বৃদ্ধি দেখেনি!

অবিলম্বে অন্টারিও ওয়ার্কস (ওডাব্লু) এবং অন্টারিও ডিসেবিলিটি সাপোর্ট বেনেফিট (ওডিএসপি) এর মাসিক বরাদ্দের হার দ্বিগুণ করা সামাজিক সহায়তায় (OW) থাকা লোকদের জন্য বিশাল সহায়ক হবে। তবে আমাদের সকলের মর্যাদার সাথে বেঁচে থাকার জন্য পর্যাপ্ত পরিমাণে অর্থ রয়েছে তা নিশ্চিত করার জন্য মাসিক আয়ের সহায়তা অনেক বেশি প্রয়োজন।

## ৪. মজুরি চুরি ও ভুল শ্রেণিবিন্যাস বন্ধে আপনারা কি আমাদের আইন ঠিক করবেন?

মজুরি চুরি ঘটে যখন বসরা আমাদের সমস্ত পাওনা পরিশোধ করে না। এটি ঘটে যখন আমাদের ন্যূনতম মজুরির চেয়ে কম বেতন দেওয়া হয়, বা যখন আমাদের ছুটি, সরকারী ছুটির দিন বা ওভারটাইম বেতন অস্বীকার করা হয়।

ভুল শ্রেণিবিন্যাস ঘটে যখন বসরা কানাডা পেনশন প্ল্যান (সিপিপি), কর্মসংস্থান বীমা (ইআই), এবং ওয়ার্কার্স সেফটি অ্যান্ড ইন্স্যুরেন্স বেনিফিট (ডাব্লুএসআইবি)-এ তাদের ন্যায্য অংশ প্রদান এড়াতে উদ্দেশ্যমূলকভাবে কর্মীদের স্ব-নিয়োজিত কর্মসংস্থানের কর্মী হিসাবে বিবেচনা করে। তদুপরি, যখন আমাদের ভুলভাবে শ্রেণিবদ্ধ করা হয়, তখন আমরা ন্যূনতম মজুরি, বিশ্রামের বিরতি এবং চাকরি-সুরক্ষিত ছুটির মতো কর্মসংস্থান মান আইনের অধীনে কোনও সুরক্ষা পাই না।

আমাদের মধ্যে যাদের অনিশ্চিত অভিবাসন স্ট্যাটাস রয়েছে, বা যারা কর্মক্ষেত্রে অন্যান্য ধরণের বৈষম্যের মুখোমুখি হন, তারা বিশেষত দুর্বল এবং এই অবৈধ অনুশীলনগুলিকে চ্যালেঞ্জ করার জন্য অত্যন্ত কম ব্যবস্থা রয়েছে।

আমাদের যে আইনগুলি রয়েছে, তা ততটাই শক্তিশালী যতটা প্রয়োগ করা হয়। তবে কনজারভেটিভ প্রিমিয়ার ডাগ ফোর্ডের অধীনে সক্রিয় কর্মক্ষেত্র পরিদর্শনের অফিসার এর সংখ্যা ২০১৭ সালে ২,৯৩২ থেকে কমে ২০২২ সালে ২১০-এ নেমে এসেছে।

তত্ত্বগতভাবে, আইন ভঙ্গকারী নিয়োগকারীদের শাস্তি দেওয়ার ক্ষমতা সরকারের রয়েছে, তবে ফোর্ডের সরকার খুব কমই এই ক্ষমতাগুলি ব্যবহার করেছে। ২০২২ সালে সরকার মাত্র ৬টি টিকিট ইস্যু করেছে এবং মজুরি চুরির ঘটনায় নিয়োগকর্তাদের বিরুদ্ধে মাত্র ৬টি মামলা করেছে। তবুও একই বছর, অন্টারিও শ্রম মন্ত্রণালয় কর্মীদের কাছে ২২.৭ মিলিয়ন ডলারের বেশি পাওনা নির্ধারণ করেছিল ।

যখন নিয়োগকর্তারা মজুরি চুরি বা ভুল শ্রেণিবদ্ধকরণ করে পার পেয়ে যান এবং আইন ভঙ্গের জন্য কোনও পরিণতির মুখোমুখি না হন, তখন নিয়োগকর্তারা পুনরাবৃত্তি অপরাধী হওয়ার ক্ষেত্রে আরো আত্মবিশ্বাসী হয়ে ওঠেন। এটা বন্ধ করতে হবে। আইন ভঙ্গকারী নিয়োগকর্তাদের দ্বারা দারিদ্র্যেতার দিকে ঠেলে দেওয়ার বিপরীতে আমাদেরকে কাজ করতে এবং আমাদের যা প্রাপ্য বেতন তা পেতে আমাদেরই উদ্যোগী ও সংগ্রামী হতে হবে ।

## ৫. আপনারা কি স্বাস্থ্যসেবা, শিক্ষা, শিশু যত্ন, ট্রানজিট এবং অন্যান্য প্রয়োজনীয় সেবাসমূহের মতো জনসাধারণের পরিষেবাগুলির জন্য তহবিল বৃদ্ধি করবেন?

শক্তিশালী সামাজিক কর্মসূচি কর্মজীবী মানুষের জীবনকে আরও সাশ্রয়ী করে তোলে। আমাদের স্বাস্থ্যসেবা, শিক্ষা, রাস্তাঘাট ও ফুটপাত এমনকি পরিষ্কার পানীয় জলের জন্য যদি লাভজনক কর্পোরেশনগুলোকে অর্থ প্রদান করতে হয়, তাহলে আমাদের অবস্থা আগের চেয়ে অনেক বেশি খারাপ হবে। কর আসলে এজন্যই: আমাদের সম্পদ ও সংস্থানগুলি একত্রিত করে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করা যা আমাদের নিজেদের কিনতে খুব ব্যয়বহুল হবে।

কর্পোরেশনগুলি জনসাধারণের পরিষেবা এবং পাবলিক অবকাঠামো থেকে ব্যাপকভাবে উপকৃত হয়। তারা আমাদের পাবলিক স্কুলগুলির মাধ্যমে শিক্ষিত এবং জনস্বাস্থ্যসেবা দ্বারা সমর্থিত একটি দক্ষ এবং স্বাস্থ্যকর কর্মী বাহিনী থেকে উপকৃত হয়। প্রতিদিন, কর্পোরেশনগুলি পণ্য, গ্রাহক এবং কর্মীদের যেখানে প্রয়োজন সেখানে পরিবহনের জন্য ভালভাবে রক্ষণাবেক্ষণ করা রাস্তা, মহাসড়ক এবং পাবলিক ট্রানজিট সিস্টেমের উপর নির্ভর করে।

কিন্তু জনসেবা ও অবকাঠামো থেকে উপকৃত হওয়া সত্ত্বেও কর্পোরেশনগুলো তাদের করের ন্যায্য অংশ পরিশোধ করে না। কয়েক দশকের কর্পোরেট ট্যাক্স কাটের অর্থ কর্পোরেশনগুলি ২০১৫ সালে ১৪৫ বিলিয়ন ডলারের তুলনায় মাত্র ৪১ বিলিয়ন ডলার প্রদান করেছে। ২০১৪ সালে, কানাডা রেভিনিউ এজেন্সি রিপোর্ট করেছে যে, কর্পোরেশনগুলি করের ফাঁকফোকর এবং অফশোর ট্যাক্স হ্যাভেনের মাধ্যমে ১১ বিলিয়ন ডলার পর্যন্ত কর ফাঁকি দিয়েছে।

# ৪. অন্টারিও নির্বাচন ২০২৫
# আপনার প্রার্থীদের জিজ্ঞাসা করুন

### পূর্ববর্তী প্রশ্নের পরবর্তী অংশ।

যখন কর্পোরেশনগুলিঠিক পরিমান কর পরিশোধ করেনা , তখন এটি জনসাধারণের পরিষেবাগুলির জন্য বরাদ্দকৃত অর্থ হ্রাস করে, তাই যদিও আপনার এবং আমার মতো কর্মীরা আরও বেশি অর্থ প্রদান করছে, তবুও আমাদের পরিষেবাগুলি উন্নত হচ্ছে না এবং কখনও কখনও আরও খারাপ হচ্ছে। বর্তমানে, আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা অতিরিক্ত পরিশ্রম এবং কম বেতনভোগী কর্মীদের দ্বারা পরিচালিত হচ্ছে। আমরা প্রতিদিন যাতায়াতের জন্য যানবাহন হিসাবে বাস এবং ট্রেনের উপর নির্ভর করি যেগুলো প্রায়শই দেরিতে চলে কারণ আমাদের চাহিদার তুলনায় এগুলো সংখ্যায় অনেক কম এবং জরুরী ভিত্তিতে এগুলোর সংস্কারের প্রয়োজন। আমাদের শিশু যত্ন এবং শিক্ষা ব্যবস্থায়ও কর্মী সংকট রয়েছে, কারণ কর্মীরা এত কম মজুরিতে কাজ করতে চায় না।

আমরা যদি কয়েক দশকের কর্পোরেট ট্যাক্স কাটকে উল্টে দিই এবং কর্পোরেট ট্যাক্স জালিয়াতির উপর কড়াকড়ি আরোপ করি, তবে এই সমস্যাগুলি সমাধান করা যেতে পারে। কিন্তু রাজনীতিবিদরা চায় না যে, এই সকল কর্পোরেটদেরকে নিয়ে আমরা কোনো কথা বলি, যারা শুধু মুনাফা অর্জন করেই চলেছে। পরিবর্তে, রাজনীতিবিদদেরকে আমরা দেখি অভিবাসী, শরণার্থী, আন্তর্জাতিক শিক্ষার্থী এবং নূন্যতম ভাবে বেঁচে থাকার জন্য যাদের আয়ের সহায়তার প্রয়োজন এদেরকেই দোষারোপ করতে।

যা একেবারেই গ্রহণযোগ্য না। তাই আসুন, কর্পোরেশনগুলোকে তাদের করের ন্যায্য অংশ পরিশোধ করার দাবী জানাতে আমরা ঐক্যবদ্ধ হই এবং এই অর্থ আমাদের সামাজিক কর্মসূচির জন্য তহবিল এবং অবকাঠামো পুনরুদ্ধারে ব্যবহৃত হোক, যাতে আমরা সকলেই আমাদের প্রয়োজনীয় পরিষেবাগুলিতে আরও ভালোভাবে প্রবেশাধিকার পেতে পারি।

---

### ৬. আপনি কি সকলের জন্য নিয়োগকর্তা-প্রদত্ত ১০টি অসুস্থতার ছুটির দিনের আইন করবেন?

কানাডায় ৫৮ শতাংশ কর্মীদের অসুস্থতার ছুটির দিন নেই। ২৫ হাজার ডলারের কম আয় করেন এমন কর্মীদের ক্ষেত্রে এই সংখ্যা ৭০ শতাংশ। এবং যেহেতু বর্ণবাদী কর্মী, অভিবাসী এবং অনিশ্চিত চাকরিতে থাকা মহিলাদের অসুস্থতার ছুটির দিনগুলির বেতন দেওয়ার সম্ভাবনা কম, এই সমস্যাটি জাতিগত, লিঙ্গ ভিত্তিক এবং ন্যায়বিচারের ক্ষেত্রেও প্রযোজ্য। আমরা যেই হই না কেন, আমাদের কাউকেই অসুস্থ অবস্থায় কাজে যাওয়া বা বিল পরিশোধের সিদ্ধান্ত নিতে আমাদেরকে বাধ্য করা উচিত নয়।

আমরা অসুস্থ হয়ে কাজে যাওয়া মানে, আমাদের সহকর্মী এবং জনসাধারণকে ঝুঁকির মধ্যে ফেলা। কোভিড মহামারীর সময় আমরা এই কঠিন বিষয়টি শিখেছি, আমাদের কোভিড হয়ে থাকলে আমাদেরকে বাড়িতে থাকতে হবে। আমাদেরকে সরকার মহামারী চলাকালীন অস্থায়ী বেতনভুক্ত অসুস্থতার দিনগুলি বাস্তবায়নের মাধ্যমে ১০ টি বেতনসহ অসুস্থতার দিনের জনপ্রিয় দাবিতে সাড়া দিয়েছেন যাতে আমরা বাড়িতে অবস্থান করতে পারি এবং অন্যকে অসুস্থ না করতে পারি। অথচ ২০২৫ সালে, আমাদের এখনও অন্টারিওতে কোনো অসুস্থতার ছুটির দিন নেই ।

কর্মীদের কঠোর লড়াইয়ের পরে ২০১৮ সালে আমরা সংক্ষিপ্তভাবে ২ টি অসুস্থতার ছুটির দিন পেয়েছিলাম। কিন্তু সে বছর কনজারভেটিভ প্রিমিয়ার ডাগ ফোর্ড যখন দায়িত্ব নেন, তখন তিনি ওই দুই বেতনভুক্ত অসুস্থতার দিন কেড়ে নেন।

ফলস্বরূপ, অন্টারিওর কর্মীদের এখন কেবল ৩ টি অবৈতনিক অসুস্থতার ছুটির দিন রয়েছে। তাই কর্মীদের অসুস্থ হয়ে কাজে যাওয়া ছাড়া কোনো উপায় নেই। প্রিমিয়ার ফোর্ডের এই সঠিক কাজটি বাস্তবায়ন করার খুব ভালো একটা সুযোগ ছিল কিন্তু এর পরিবর্তে, তার সরকার ক্ষমতায় আসার পর থেকে ২৫ বারেরও বেশি অসুস্থতার ছুটির দিনের বিলের বিরুদ্ধে ভোট দিয়েছেন।

বিপরীতে, ফেডারেল সরকার আমাদের প্রচারে সাড়া দিয়ে ২০২২ সালে, ফেডারেল এখতিয়ারের অধীনে থাকা সমস্ত কর্মীদের জন্য (যেমন পরিবহন, ব্যাংকিং এবং টেলিযোগাযোগে) প্রতি বছর ১০ টি নিয়োগকর্তা কর্তৃক বেতনসহ অসুস্থতার ছুটির দিন থাকা বাধ্যতামূলক করেছেন ।

অসুস্থ হলে বেতনসহ ছুটি নেওয়া একটি অপরিহার্য মানবিক শ্রম অধিকার এবং আমরা প্রত্যেকের জন্য কমপক্ষে ১০ টি বেতনসহ অসুস্থতার দিনের জন্য লড়াই চালিয়ে যাচ্ছি।